

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২০৩

বিলোনীয়া, ২৪ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪ : ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্র  
দক্ষিণ ত্রিপুরা জেলার ৪টি বিধানসভা ক্ষেত্রে ২২৬টি  
ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে : জেলা নির্বাচন আধিকারিক**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে দক্ষিণ ত্রিপুরা জেলার ৪টি বিধানসভা কেন্দ্র রয়েছে। এই বিধানসভা ক্ষেত্রগুলি হলো ৩৭-ঋষ্যমুখ, ৩৮-জোলাইবাড়ি (এসটি), ৩৯-মনু (এসটি) ও ৪০-সাবুমা। আগামী ২৬ এপ্রিল ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোটগ্রহণ করা হবে। আজ দক্ষিণ ত্রিপুরা জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল বিলোনীয়ার সার্কিট হাউসে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, এই ৪টি বিধানসভা ক্ষেত্রে মোট ভোটার রয়েছে ১,৯৪,০৩৮ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৯৮,৬৬৯ জন ও মহিলা ভোটার ৯৫,৩৬৯ জন। ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে দক্ষিণ ত্রিপুরা জেলায় ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ২২৬টি। এরমধ্যে মডেল ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৮টি। মহিলা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ১১টি। দিব্যাঙ্গজন পরিচালিত ভোটকেন্দ্র রয়েছে ৪টি এবং যুব পরিচালিত ভোটকেন্দ্র রয়েছে ৪টি। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, দক্ষিণ ত্রিপুরা জেলায় পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

জেলা নির্বাচন আধিকারিক জানান, দক্ষিণ ত্রিপুরা জেলায় ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে নির্বাচন সংক্রান্ত কোনও অভিযোগ থাকলে ১,৯৫০ এই টোল ফ্রি নম্বরে অথবা ০৩৮২-৩২২৪২৪০ এই নম্বরে অথবা হোয়াটসঅ্যাপ নম্বর ৮৪১৪৮৮৩১৩৬-তে জানানো যাবে। তিনি জানান, যে কোনও অভিযোগ আসলে সাথে সাথে ব্যবস্থা নেওয়া হবে। সাংবাদিক সম্মেলনে দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনে দক্ষিণ ত্রিপুরা জেলার ৪টি বিধানসভা ক্ষেত্রের ভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। ভোটাররা যাতে নিরাপদে ও ভয়মুক্ত পরিবেশে ভোটদান করতে পারেন তারজন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*